

# ইদানীং ভালোবাসার গল্পো

নির্মল কুমার চক্রবর্তী

অনেক কথা বলার ছিল তোকে,  
শব্দগুলো খলসে পুঁটি,  
লাফিয়ে উঠে বুকো।  
তারপরে ঠিক মিইয়ে গেল জানিস!

অনেক ভালোবাসবো বলে তোকে  
বুকোর মাঝে যতন করে বাঁধি।  
ভালোবাসা, মিহিন সুতোয় ফাঁদ  
ক্যামন ঠিকই পালিয়ে গেল জানিস!

এখন আমি দুইবেলা ইট ভাঙ্গি  
শব্দ হারাই, হারাই কথার খেই।  
ভালোবাসা জল শুকনো নদী,  
বুকোর মাঝে, কোথাও তো আর নেই।

অনেক বলার ছিল তোকে,  
শব্দগুলো ইট ভাঙ্গনের গান।  
পদ্মাপাড়ের কোনসে কুঁড়েয় বসে,  
স্বপ্ন দেখিস, বাঁধিস নুতন প্রাণ!

অনেক ভালোবাসবো বলে তোকে  
স্বপ্ন দেখি পদ্মা পাড়ের মেলা।  
মহাজনের রক্ত লোলুপ চোখ,  
স্বপ্ন আমার ছড়ায় না ডাল-পালা।

আমি এখন তিনবেলা ইটবেলা ভাঙ্গি,  
ভয় করিনা মহাজনের ক্রোধ।  
বন্দি আমার ময়না পাখী ওরে,  
তুই যে আমার জীবন, মৃত্যু, বোধ।

নির্মল কুমার চক্রবর্তী, সিডনী, ২৮/০৫/২০১০